বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর জানুয়ারি ২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ নুরুন্নবী, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
তারিখ : ২০ জানুয়ারি ২০২১
সময় : ২.০০ টায়
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন সকলকে অনুসরণ করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। গত ২৪.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। গত ২৪.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **মধ্যমেয়াদী বাজেট, ২০২১-২২ হতে ২০২৩-২৪ প্রণয়ন**<br>সভাপতি খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর মধ্যমেয়াদী বাজেট, ২০২১-২২ হতে ২০২৩-২৪ প্রণয়ন নিয়ে আলোকপাত করেন। বিএমডির বাজেট সংশ্লিষ্ট অফিসার জানান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ০৬.০১.২০২১ তারিখের ২৮.০০.০০০০.০৪০.২০.০০১.২০১৯.০২ নং স্মারকের মাধ্যমে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর ২০২১-২২ অর্থবছর হতে ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত মধ্যমেয়াদি বাজেট কাঠামো, রাজস্ব প্রাপ্তি এবং ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রণয়ন করে উক্ত বিভাগে প্রেরণের নির্দেশনা ছিল। যা ইতোমধ্যে বিএমডির মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্রেরণ করা হয়েছে। সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, ২০২১-২২ বাজেট প্রণয়নে ০২ টি নতুন অর্থনৈতিক কোড বরাদ্দের প্রয়োজন। সভাপতি কোড বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করাতে | ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রণয়নে ০২ টি নতুন অর্থনৈতিক কোড বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) |

২৭/১/২০২১.

| | | | |
|---|---|---|---|
| | বলেন। | | |
| ২.২ | **e-Licence and Lease Management system বাস্তবায়ন:**<br>রূপকল্প, ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ বিনীর্মাণের লক্ষ্যেকে সামনে রেখে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহায়তায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সকল নাগরিক সেবাকে ডিজিটাল ই-সেবায় রুপান্তরের নিমিত্ত ই-সার্ভিস রোডম্যাপ, ২০২১ প্রণয়ন করা হয়। এছাড়া, জাতীয় তথ্য প্রযুক্তি নীতিমালা, ২০১৮-এর কৌশলগত উদ্দেশ্য অনুযায়ী সকল নাগরিক সেবাকে ২০২১ সালের মধ্যে শতভাগ ডিজিটাল ই-সেবায় রুপান্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। বিএমডির নাগরিক সেবাসমূহকে (অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা) ই-সেবায় রূপান্তরের নিমিত্ত e-Licence and Lease Management system নামক একটি সফটওয়্যার তৈরির কাজ বর্তমান চলমান রয়েছে। ই-সেবাটির অগ্রগতির বিষয়ে সভাপতি জানতে চাইলে বিএমডির সহকারী পরিচালক (সংযুক্ত) ও ই-সেবা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এস.এম. আশরাফুল আবেদীন আশা জানান, e-Licence and Lease Management system সফটওয়্যারটি বর্তমানে 'System Deployment and User Acceptance Test' পর্যায়ে রিভিউ/ভেটিং করা হচ্ছে অচিরেই তা শেষ হবে। রিভিউ শেষ হলে সিস্টেমটি পাইলটিং এর জন্য তৈরি হয়ে যাবে। তিনি আরও জানান সফটওয়ারটির কোয়ালিটি টেস্টিং ও ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং এর জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিকট অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হলে ন্যাশনাল ডাটা সেন্টার হতে হোস্টিং এর জন্য সংশ্লিষ্ট প্যাকেজ বাছাই করে সার্ভিস লেবেল এগ্রিমেন্ট (এসএলএ) করার জন্য অনুরোধ করা হয়েছে।<br><br>বিস্তারিত আলোচনা শেষে সভাপতি ভেটিং/রিভিউ ও ইউজার একসেপ্টটেন্স টেস্ট (ইউএটি) দ্রুত শেষ এবং হোস্টিং-এর জন্য সংশ্লিষ্ট প্যাকেজ বাছাই করে বিসিসি-এর সাথে সার্ভিস লেবেল এগ্রিমেন্ট (এসএলএ) করার জন্য নির্দেশনা প্রদান করেন। | e-Licence and Lease Management system ভেটিং/রিভিউ ও ইউজার একসেপ্টটেন্স টেস্ট (ইউএটি) দ্রুত শেষ এবং হোস্টিং-এর বিসিসি-এর সাথে সার্ভিস লেবেল এগ্রিমেন্ট (এসএলএ) করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (সংযুক্ত) |

২১/১/২০২১.

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহ**<br>ঠিকাদারী ও জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান মাহবুব এন্টারপ্রাইজ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোতে আউট সোর্সি এর মাধ্যমে সরবরাহকৃত জনবলের চুক্তিনামা নবায়নের জন্য আবেদন করেছে মর্মে সভাকে অবহিত করা হয়। নবায়নকৃত চুক্তির মেয়াদ ৩১.০১.২০২১ তারিখ শেষ হবে। জুলাই, ২০১৯ এ সংশোধিত পিপিআর ২০০৮ এর বিধি ৭৬(৫) অনুযায়ী ''ভৌত সেবা প্রদানকারীর সহিত সম্পাদিত চুক্তি, সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপুর্বক, বৎসরভিত্তিক বা তদপেক্ষা স্বল্পতর সময়ের জন্য বৃদ্ধি করা যাইবে, যদি প্রতিযোগিতার ভিত্তিতে উক্ত সেবা প্রদানকারীকে কার্যাদেশপ্রদান করা হইয়া থাকে এবং ইতঃপুর্বেকার চুক্তি অনুযায়ী প্রদত্ত সেবা সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়।'' এ অবস্থায় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ঠিকাদারকে মূল কার্যাদেশ প্রদান করা হয়েছে। সুতরাং, প্রতিষ্ঠানটির আবেদনের প্রেক্ষিতে এবং সরবরাহকৃত জনবলের কাজকর্ম সন্তোষজনক হওয়ায় মূল চুক্তিপত্রের সকল শর্ত প্রতিপালনপূর্বক ০১.০২.২০২১ হতে ৩১.০১.২০২২ তারিখ পর্যন্ত পরবর্তী ০১ (এক) বছরের জন্য মাহবুব এন্টারপ্রাইজের সাথে চুক্তি নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১.০২.২০২১ হতে ৩১.০১.২০২২ তারিখ পর্যন্ত পরবর্তী ০১ (এক) বছরের জন্য মাহবুব এন্টারপ্রাইজের সাথে চুক্তি নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৪ | **খনি/কোয়ারি সরেজমিন পরিদর্শন**<br>সভাপতি বলেন, ইজারাগ্রহীতা কর্তৃক দেশের বিভিন্ন খনি ও কোয়ারিতে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর বিধি-বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করে খনি এবং কোয়ারি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কিনা তা তদারকির জন্য বিএমডি কর্তৃক নিয়মিত সরেজমিন পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২৫ (পঁচিশ) টি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ১৪ টি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিল হয়েছে মর্মে উপপরিচালক (খনি ও খনিজ ) (চলতি দায়িত্ব) সভাকে অবহিত করেন। সভাপতি জানুয়ারি, ২০২১ এর শেষ সপ্তাহে সিলেটে কোয়ারি সরেজমিন পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। খনিজ সম্পদের অবৈধ উত্তোলন বন্ধে স্থানীয় প্রশাসনের সমন্বয়ে একযোগে কাজ করার ব্যবস্থা করতে হবে। | ক) প্রতি মাসে কোয়ারি পরিদর্শন বাড়াতে হবে এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) অঞ্চল ভিত্তিক পরিদর্শন করে হালনাগাদ তথ্য উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

২১/১/২০২১

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | **তৃতীয় শ্রেণির কর্মচারী নিয়োগ**<br>০৫.০১.২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নির্বাচন কমিটি (ডিপিসি) এর সভায় বিএমডির ০৩ (তিন)টি ক্যাটাগরির ০৫ (পাঁচ) টি তৃতীয় শ্রেণির কর্মচারীদের শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক প্রদত্ত আবেদন গ্রহণ লিংক উন্মুক্তকরণের জন্য বিএমডি কর্তৃক পত্র পেরণ করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি ০২ টি দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য ইতোমধ্যে পত্রপ্রেরণ করা হয়েছে মর্মে উপপরিচালক জনাব মো: মামুনুর রশীদ সভাকে অবহিত করেন। অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ সময় ৩১ জানুয়ারি ২০২১ বিকাল ৫.০০ টা। | (ক) লিখিত পরীক্ষা যথা সময়ে যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(খ) নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সকল বিধিবিধান প্রতিপালন করতে হবে।<br>(গ) নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১/২০২১.

(মোঃ নুরুন্নবী)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৮৩৯১৫৬৭
ফ্যাক্স : ৯৩৩৪২১৫
ই-মেইল : dg@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০৪.০৬.০০৮.১৮, ৭৬

তারিখ : ০৭ মাঘ ১৪২৭
২১ জানুয়ারি ২০২০

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। উপপরিচালক (সকল),................ বিএমডি, ঢাকা;
৩। সহকারী পরিচালক (সকল)........................................... বিএমডি, ঢাকা;
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
৫। অফিস কপি।

২১-০১-২০২১

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)